দাপ্তরিক ইমেইলে প্রাপ্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা
e-mail: pangaoncustoms@nbr.gov.bd



ই-মেইল/বাহকযোগে

নথি নং-৫-২০(০৬)কাস/নিলাম/কাঃহাঃপাঃ/২০২৫(অংশ-২)/১৬০২৭ তারিখ: ১৯/১০/২০২৬ খ্রিঃ।

বিষয়ঃ কাস্টমস হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা'র নিলাম টেন্ডার সেল নং- ০৫/২০২৬ এর বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কাস্টমস হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা'র নিলাম টেন্ডার সেল নং- ০৫/২০২৬ এর বিজ্ঞপ্তি আপনার দপ্তরের অফিসিয়াল ওয়েবসাইট এবং ফেসবুক পেইজে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে সদয় অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

১৯/১০/২৬
হাসনাইন মাহমুদ
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে

প্রাপক:

১-৮। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি, কমলাপুর/আইসিডি, চট্টগ্রাম/ভোমরা।

৯-২৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/ দক্ষিণ/ পূর্ব/ পশ্চিম) /কুমিল্লা /যশোর /চট্টগ্রাম /রাজশাহী /খুলনা/ সিলেট /রংপুর/বরিশাল/ময়মনসিংহ/গাজীপুর/নারায়ণগঞ্জ/কক্সবাজার।

২৫-২৭। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)/চট্টগ্রাম।

২৮-৩১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।

৩২-৩৬। মহাপরিচাল, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

৩৭। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।

৩৮। পি এ টু কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা
e-mail: pangaoncustoms@nbr.gov.bd



ই-নিলাম (E-Auction) নং- ৫/২০২৬ এর বিজ্ঞপ্তি

নথি নং-৫-২০(০৬)কাস/নিলাম/কাঃহাঃপাঃ/২০২৫(অংশ-২) ১৪০২৬ তারিখ: ১৭/১০/২০২৬ খ্রি:।

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালে রক্ষিত নিলামযোগ্য বিভিন্ন প্রকার মালামাল নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ২৬/১০/২০২৬ খ্রি: তারিখ সকাল হতে ১০/১১/২০২৬ খ্রি: তারিখ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত E-Auction Website Address (auction.bdcustoms.gov.bd) এ বিডার লগইন করে ই-নিলামে অংশগ্রহণ করা যাবে। পণ্য সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০২। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইনে নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় ১ম নিলামের ক্ষেত্রে দরপত্র মূল্য/কোটেশন মূল্যের কমপক্ষে ৫% অর্থ জামানত হিসেবে এবং ২য় ও ৩য় নিলামের ক্ষেত্রে দরপত্র মূল্য/কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে "কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা"(অ্যাকাউন্ট নং-৫৫৩৭২০০০০০০১৫, সোনালী ব্যাংক লিঃ পিএলসি, শাখা: ৫৫৩৭৬- পানগাঁও ইনল্যান্ড কন্টেইনার টার্মিনাল ব্রাঞ্চ, ঢাকা) এর অনুকূলে ই-পেমেন্টের মাধ্যমে জমা প্রদান করে এবং জমাকৃত রশিদের স্ক্যান কপি অনলাইনে আবেদনকালে আপলোড এবং পরবর্তীতে ই-পেমেন্টের মাধ্যমে জমাকৃত মূল কপি ও প্রযোজ্য অন্যান্য **দলিলাদি ১১/১১/২০২৬ খ্রি: তারিখ দুপুর ১:০০ টার মধ্যে সীলগালাযুক্ত খামে কাস্টমস হাউস, পানগাঁও এ রক্ষিত দরপত্র বাক্সে জমা করতে হবে।** দরপত্র বাক্সে জমাকৃত খামসমূহ আগামী ১১/১১/২০২৬ খ্রি: তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা এর সম্মেলন কক্ষে উন্মুক্ত করা হবে।

০৩। উল্লেখ্য, বিদ্যমান আমদানি নীতি আদেশ এর প্রযোজ্য শর্ত প্রতিপালন, মামলার তথ্য যাচাই এবং অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্তাদি পরিপালনপূর্বক প্রযোজ্যক্ষেত্রে খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত সাপেক্ষে নিলামকৃত পণ্য ছাড়যোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

০৪। **পণ্য পরিদর্শনের তারিখ:** আগামী ০২/১১/২০২৬ খ্রি: ও ০৩/১১/২০২৬ খ্রি: কাস্টমস হাউস, পানগাঁও এর ওয়েবসাইটে প্রচারিত/নোটিশ বোর্ডে প্রদর্শিত সময় অনুযায়ী ই-নিলামের অন্তর্ভুক্ত পণ্যসমূহ সরেজমিন পরিদর্শন করা যাবে। নিলামে লটভুক্ত সকল পণ্যের পরিমাণ কেজিতে নির্ধারণ করা হয়েছে। অকশনযুক্ত লটসমূহের মধ্যে লট নম্বর- **5/2026, 8/2026, 10/2026, 26/2026,34/2026, 44/2026, 45/2026 ১ম নিলাম, 3/2026, 4/2026, 6/2026, 12/2026, 13/2026, 17/2026, 22/2026, 23/2026, 24/2026, 28/2026, 40/2026 ২য় নিলাম এবং 9/2026 ৩য় নিলামভুক্ত** ।

০৫। **বিডার রেজিস্ট্রেশন:** আগ্রহী নিলাম ক্রেতাগণ E-Auction Website (auction.bdcustoms.gov.bd) এ রেজিস্ট্রেশন বা বিডার লগইন করে উক্ত ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

০৬। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় ও পর্যায়ে কোন লট/পণ্যচালান বা সকল লট/পণ্যচালানের নিলাম আংশিক বা সম্পূর্ণ স্থগিত বা বাতিল করতে পারবেন। এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্তাদি বা নির্দেশনা যদি জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ০২ জুলাই, ২০২৫ খ্রি. এবং ৪৩/কাস্টমস/২০২৬, তারিখ: ১৭ আগস্ট, ২০২৬ খ্রি. সাথে সাংঘর্ষিক হয় তবে স্থায়ী আদেশের নির্দেশনা বা শর্তাদি প্রাধান্য পাবে মর্মে সকলের অবগতির জন্য জানানো হলো।

১৭/১০/২৬
হাসনাইন মাহমুদ
এডিশনাল কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি, নিলাম কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা
e-mail: pangaoncustoms@nbr.gov.bd



ই-নিলাম বিজ্ঞপ্তি

নথি নং-৫-২০(০৬)কাস/নিলাম/কাঃহাঃপাঃ/২০২৫(অংশ-২) /6029-2 তারিখ: ১৭/১০/২০২৬ খ্রি:।

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালে রক্ষিত নিলামযোগ্য বিভিন্ন প্রকার মালামাল E-Auction এর মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে ২৬/১০/২০২৬ খ্রি: তারিখ হতে ১০/১১/২০২৬ খ্রি: তারিখের মধ্যে দরপত্র আহবান করা যাচ্ছে। নিলাম সংক্রান্ত পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তিটি দেখার জন্য web: www.pch.gov.bd তে ভিজিট করুন অথবা নিম্নোক্ত কিউআর কোডটি স্ক্যান করুন।

বি:দ্র: বিজ্ঞপ্তি সংক্রান্ত যেকোন সংশোধিত তথ্য বা সর্বশেষ আপডেট শুধুমাত্র উল্লেখিত ওয়েবসাইটে (www.pch.gov.bd) প্রকাশ করা হবে।

19/10/26
হাসনাইন মাহমুদ
এডিশনাল কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি, নিলাম কমিটি